

মানুষ পলায়ন করবে তার ভাই, মাতা, পিতা, স্ত্রী এবং সন্তান হতে

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আজকের আলোচনার বিষয়বস্তু : মানুষ পলায়ন করবে তার ভাই, মাতা, পিতা, স্ত্রী এবং সন্তান হতে

কোরান শরীফের সূরা আবাসা এর ৩৩ নম্বার আয়াত হতে ৪২ নম্বার আয়াত পর্যন্ত আল্লাহ তায়লা বলেছেন:

فَإِذَا جَاءَتِ الصَّاخَّةُ

যখন ওই বিকট ধ্বনি এসে পরবে

يَوْمَ يَفِرُّ الْمَرْءُ مِنْ أَخِيهِ

সেদিন মানুষ পলায়ন করবে তার ভাই হতে

وَأُمِّهِ وَأَبِيهِ

এবং তার মাতা হতে ও পিতা হতে

وَصَحْبَتِهِ وَبَنِيهِ

তার স্ত্রী ও সন্তান হতে।

তারপর আল্লাহ বলেছেন :

" তাদের প্রত্যেকের সেদিন এমন গুরুতর অবস্থা হবে যে তারা সম্পূর্ণরূপে ব্যাস্ত থাকবে "

"সেদিন অনেক মুখমন্ডল উজ্জ্বল থাকবে"

"হাসি মুখ ও প্রফুল্ল"

"আর অনেকের মুখমন্ডল সেদিন হবে ধূলি মিশ্রিত।"

"সেগুলোকে আচ্ছন্ন করবে ঘোলা বর্ণ "

"তরাই কাফির ও পাপাচারী। "

কিয়ামত দিবসের এর ভয়াবহ অবস্থার কথা আল্লাহ তায়ালা বর্ণনা করেছেন। আসুন সময় থাকতে আমরা শেষ দিবসের প্রস্তুতি গ্রহণ করি। কোরান এবং হাদীস মোতাবেক জীবন যাপন করি।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।